

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

[পরিদর্শন সংস্থা কোটেকনা ইন্সপেকশন এস. এ. এর নিয়োগ বাতিল]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, প্রচলিত আইন ও বিধানের পরিপন্থী কার্যকলাপের জন্য প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ অনুযায়ী ‘বি’ ও ‘ডি’ ব্লকের আওতাধীন দেশসমূহ থেকে পণ্য আমদানির ক্ষেত্রে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কার্য পরিচালনাপর্বক প্রত্যয়নপত্র (CRF) প্রদানের জন্য নিয়োগকৃত পরিদর্শন সংস্থা কোটেকনা ইন্সপেকশন এস, এ এর নিয়োগ বাতিল করে সরকার অদ্য (১৯/০৩/২০০৮ তারিখ) আদেশ জারী করেছে যা অবিলম্বে কার্যকর হবে। এতদ্ব্যতীতে সরকার ‘বি’ ব্লকের দেশসমূহে (চীন, থাইল্যান্ড, কোরিয়া (উঃ ও দঃ), ফিলিপাইন, কম্বোডিয়া) পিএসআই কার্যক্রম পরিচালনার জন্য পরিদর্শন সংস্থা **BIVAC INTERNATIONAL SA. France** এবং ‘ডি’ ব্লকের দেশসমূহে (জাপান, হংকং, ভিয়েতনাম, তাইওয়ান, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, সলোমন আইল্যান্ড, ফিজি, কিরিবাতি, ভেনাজুয়েলা, পাপুয়া নিউগিনি) পিএসআই কার্যক্রম পরিচালনার জন্য **SGS SOCIETE GENERALE DE SURVEILLANCESA. Switzerland** কে আগামী ৩১ শে আগস্ট ২০০৮ পর্যন্ত দায়িত্ব প্রদান করেছে। এমতাবস্থায় ২০ মার্চ, ২০০৮ তারিখ থেকে উক্ত ‘বি’ ও ‘ডি’ ব্লকের দেশসমূহ থেকে পণ্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানিকারকগণকে ঋণপত্র ‘কোটেকনা ইন্সপেকশনের’ স্থলে যথাক্রমে **BIVAC INTERNATIONAL SA. I SGS SOCIETE GENERALE DE SURVEILLANCE SA.** এর নাম লিপিবদ্ধ করতে অনুরোধ করা যাচ্ছে।

আদেশক্রমে

জাতীয় রাজস্ব বোর্ড।